উপজেলা পরিষদ
বিরামপুর,দিনাজপুর

## নোটিশ

প্রবল বর্ষণের কারণে ২৫.০৯.২০২৩ তারিখের সেপ্টেম্বর ২০২৩ মাসের বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভা আগামী ২৬.০৯.২০২৩ তারিখ সোমবার সকাল ১১.৩০ টায় অনুষ্ঠিত হবে। উক্ত সভার নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ ঃ
১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ।
২. উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনা।
৩. সরকারি পরিপত্র নিয়ে আলোচনা।
৪. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনা।
৫. বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬. বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদি ভাতাভোগী নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৭. বিবিধ।

২৪/৯/২৩

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর,দিনাজপুর

স্মারক নং- ০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩-১২৫০/১(৪৮)

তারিখঃ ২৪.০৯.২০২৩খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৫। মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৮। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
০৯। উপজেলা কৃষি অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১১। উপজেলা মৎস্য অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১২। জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী , বিরামপুর, দিনাজপুর।
১৩। উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর।
১৪। উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর।
১৫। সহকারী প্রকৌশলী,বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর।
১৬। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর।
১৭। উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১৯। উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
২০। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।
২১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২২। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুর

২৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৬। উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর, দিনাজপুর।

২৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৮। উপজেলা পরিসংখ্যান অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৯। উপজেলা সমবায় অফিসার, বিরামপুর, দিনাজপুর।

৩০। রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর।

৩১। উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

৩২। ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর।

৩৩। উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।

৩৪। শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর

৩৫। Upazil Development Facilitator (UDF), Birampur, Dinajpur.

৩৬। তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর, দিনাজপুর।

৩৭। চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৩৮। চেয়ারম্যান, ২নং কাটলা ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৩৯। চেয়ারম্যান, ৩নং খানপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪০। চেয়ারম্যান, ৪নং দিওড় ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪১। চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪২। চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪৩। চেয়ারম্যান, ৭নং পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪৪। মোছাঃ আঞ্জুয়া পারভীন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-১, বিরামপুর, দিনাজপুর।

৪৫। মোছাঃ নার্গিস পারভীন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-২, বিরামপুর, দিনাজপুর।

৪৬। মোছাঃ রেজিনা খাতুন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-৩, বিরামপুর, দিনাজপুর।

২৪/০৯/২৩

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

২৮ .০৯.২০২৩ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর ২০২৩ মাসের বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্রমিক | নাম | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ খায়রুল আলম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭১২-৭০১২৭৬ e-mail: razuuchb@gmail.com | |
| ০২. | জনাব নুজহাত তাসনীম আওন | উপজেলা নির্বাহী অফিসার) বিরামপুর দিনাজপুর | ০১৭৬১-৪৯৩৫৩৩ e-mail:unobirampur@mopa.govt.bd | |
| ০৩. | জনাব মোঃ আককাস আলী | মেয়র, বিরামপুর পৌরসভা বিরামপুর, দিনাজপুর। | ০১৭১২-৯৪২৬০৬ e-mail: | |
| ০৪. | জনাব উম্মে কুলসুম বানু | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, বিরামপুর | ০১৭১৬-৬৬১৬১৭ e-mail: | |
| ০৫. | জনাব মোঃ মেজবাউল ইসলাম মন্ডল | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর। | ০১৭২৩-১৯৮৪৪৬ e-mail: | |
| ০৬. | জনাব ফিরোজ আহম্মেদ | উপজেলা কৃষি অফিসার বিরামপুর দিনাজপুর | ০১৭২৫-৩১৯৮২৬ uaobirampur@yahoo.com | |
| ০৭. | ডাঃ ............................... | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বিরামপুর | ০১৭১৭-৭৩৬১৮৫ email:birampur@uhfpo.dghs.gov.bd | |
| ০৮. | ডাঃ বিপুল কুমার চক্রবর্তী | উপজেলা প্রাণিসম্পদ অফিসার বিরামপুর, দিনাজপুর। | ০১৭২৩-৩০৮৬৩৫ ulobirampurdls@gmail.com | |
| ০৯. | জনাব [illegible] ইমাম, AGM (AD) | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বিরামপুর | ০১৭৬৯-৪০০০২৭/01764-400426 dpbstwo@gmail.com | |
| ১০. | জনাব মোঃ কাওসার হোসেন | উপজেলা মৎস্য অফিসার বিরামপুর, দিনাজপুর। | মোবাইলঃ ০১৭২৮-৩৫৭৯৩৮ email: kaoserf@gmail.com | |
| ১১. | জনাব মোঃ আবু সাঈদ | উপ-সহকারি প্রকৌশলী BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর। | ০১৩১৫-৭৪৩৪৫৯ e-mail: mdabusied698@gmail.com | |
| ১২. | জনাব মোঃ রফিকুল ইসলাম | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | ০১৭১৭-৮৪৯৯৩১ e-mail:ae_birampur_dinaj@bmda.gov.bd | 26.09.2023 |
| ১৩. | জনাব মোঃ আতাউর রহমান | উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর | ০১৭৫১-২২৬২৭০........... ue.birampur@lged.gov.bd | |
| ১৪. | মোছাঃ মিনারা বেগম | উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর দিনাজপুর | ০১৭১২-২৩৪২৩৫ ueobpur@gmail.com | |
| ১৫. | জনাব ..T.U.HIN...BABU S.I | অফিসার ইনচার্জ বিরামপুর থানা, দিনাজপুর। | ........................................ e-mail:birampurpsdinajpur@gmail.com | 26.09.23 |
| ১৬. | জনাব মোঃ শমসের আলী মন্ডল | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১২-১৫৯৪২৯ useobirampur@gmail.com | |
| ১৭. | জনাব আবদুল আউয়াল | উপজেলা সমাজসেবা অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭৮৩-৩৭১০১৩ ussobirampur@dss.gmail.com | |
| ১৮. | জনাব নিশিকান্ত মালাকার | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ বিরামপুর, দিনাজপুর | ০১৭৪০-৮২৩৭৪৪ e-mail: nishemalakar7@gmail.com | |
| ১৯. | জনাব পাপিয়া নাছরীন | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ ০১৭৪৮-৫৯৫৭৫৭ e-mail:papianasrin09@gmail.com | |
| ২০. | জনাব খন্দকার মোহাম্মদ আলী | উপজেলা নির্বাচন অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১১-০৭১৭৬৭ e-mail: Kmranga2017@gmail.com | |
| ২১. | জনাব মোঃ লুৎফর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ ০১৭৩৮-৪৬৭০৭০ e-mail: brdb.birampur@gmail.com | |
| ২২. | জনাব মোঃ হুমায়ুন ফরিদ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। | ০১৭১৬-২৭৬২৩৯ e-mail: | |
| ২৩ | জনাব মোঃ আতাউর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | 01711362835 e-mail: | |

২৮.০৯.২৩

| ক্রমিক | নাম | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৪. | জনাব মুক্তা খাতুন | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিরামপুর, দিনাজপুর | ০১৭০৬-৩০০১৫০ e-mail: | |
| ২৫. | জনাব মোঃ জমিল উদ্দিন মন্ডল | উপজেলা যুব উন্নয়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১৬-০৬৭৭১৩ e-mail: | |
| ২৬. | জনাব মোঃ আজমল হোসেন | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭১২-২৫৫৫২০ e-mail: urcbirampur@gmail.com | |
| ২৭. | জনাব পিয়াস ইবনে হাবিব | উপজেলা পরিসংখ্যান অফিসার/ তদন্তকারী | মোবাইল: ০১৭১৭-৮৪৯৯১১ e-mail:usobirampur5266@gmail.com | 26.9.23 |
| ২৮. | জনাব মোশাররত জাহান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল: ০১৭৬১-১৯০৫৪৫ e-mail:uwabirampur@yahoo.com | |
| ২৯. | জনাব শুভ্র মন্ডল | উপজেলা হিসাবরক্ষণ অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭৩৭-৪৭৬৯৬৭ e-mail: uaobirampur@gmail.com | |
| ৩০. | ডাঃ মোছাঃ তাহেরা খাতুন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (ভারপ্রাপ্ত) বিরামপুর | মোবাইল ০১৭১৬-১২৯২৭২ e-mail:ufpobirampur00@gmail.com | |
| ৩১. | জনাব মুহাম্মদ রকিবুল হাসান | উপজেলা সমবায় অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭১৬-৩০৪৭১০ e-mail: | 26/07/23 |
| ৩২. | জনাব সমর সেন | Upazil Development Facilitator (UDF), Birampur, | মোবাইলঃ০১৭১৬-০৬১৪৫৮ e-mail: samarsenbd@gmail.com | 26.07.23 |
| ৩৩. | জনাব মোছাঃ রাবেয়া আক্তার | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ০১৮৪৫-৪৫৬৯৯০ e-mail: tsk.birampur@tottoapa.gov.bd | 26.07.23 |
| ৩৪. | জনাব ধনঞ্জয় চন্দ্র রায় | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা, দিনাজপুর। | মোবাইলঃ ০১৭২৩-৩৭৩৮৬৮ e-mail: ucobirampur. @gmail.com | |
| ৩৫. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ০১৭১৭-৩১৮৪৮২ e-mail: | |
| ৩৬. | জনাব মোঃ ইউনুস আলী | চেয়ারম্যান, ২নং কাটলা ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৯-২৫১৭১৭ e-mail: | |
| ৩৭. | জনাব শ্রী চিত্তরঞ্জন পাহান | চেয়ারম্যান, ৩নং খানপুর ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৫-৫০০৪৮০ e-mail: | |
| ৩৮. | জনাব মোঃ আব্দুল মালেক মন্ডল | চেয়ারম্যান, ৪নং দিওড় ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭৮০-৮১৫৯১৫ e-mail: | |
| ৩৯. | জনাব মোঃ হুমায়ুন কবীর বাদশা | চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৮-৭৮৭৬৭৩ e-mail: | |
| ৪০. | জনাব মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল | চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউনিয়ন, বিরামপুর, দিনাজপুর | ০১৭২২-৭৫২৯৫০ e-mail: | |
| ৪১. | জনাব মোঃ রহমত আলী | চেয়ারম্যান, ৭নং পলিপ্রায়গপুর ইউনিয়ন, বিরামপুর, দিনাজপুর | ০১৭২৫-০১২২৪৬ e-mail: | |
| ৪২. | মোছাঃ আঞ্জুরা পারভীন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭৩১-৩৩১৮২২ e-mail: | |
| ৪৩. | মোছাঃ নার্গিস পারভীন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭১৬-৮৭০৮২৭ e-mail: | |
| ৪৪. | জনাব রেজিনা খাতুন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭০৩-৭৫১১৫১ e-mail: | |
| ৪৫ | গোলাম মাওলা | উপজেলা মৎস্য [illegible] বিরামপুর, | ০১৭১২-৬৭৭৫৭০ | |

## সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৬.০৯.২০২৩খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, কয়েকদিনের প্রবল বর্ষণের কারণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বিশেষ করে দিওড় ইউনিয়নে ২৮টি বাড়ি গাছপালা বিধ্বস্ত হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জরুরীভিত্তিতে টিন ও ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে। তিনি বর্ষণ অব্যাহত থাকায় সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ASMA - Bibith

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে খরিপ-২ মৌসুমে রোপা আমন ১৭৪৪৫ হেঃ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল যা অর্জিত হয়েছে। মাসকলাই এর লক্ষ্যমাত্রা ১০ হেঃ নির্ধারণ করা হয়েছে। জমি প্রস্তুতের কাজ চলছে। অচিরেই মাসকলাই বোনা হবে। শাকসবজির জন্য ১১৫ হেক্টর জমি লক্ষ্যমাত্রা ধরা হলেও ১১৬ হেক্টর জমিতে শাকসবজি লাগানো হয়েছে। তের ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে এ উপজেলায় ১৭৬০ হেক্টর জমিতে সরিষা চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। মৌসুম শুরু হলে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী জমিতে সরিষার আবাদ হতে পারে। বর্তমান ফসলের জন্য আবহাওয়া পরিস্থিতি ভাল কোন সমস্যা নেই। বৃষ্টি হওয়ায় ধানের জন্য উপকার হয়েছে। বৃষ্টির পানি না জমার কারণে মুকুন্দপুর, পলিপ্রয়াগপুর ও পৌরসভার সবজি বেল্টে উপকার হয়েছে। বৃষ্টি হওয়ায় কৃষকগণকে স্প্রে করার পরামর্শ দেয়া হয়েছে। স্প্রে করা হলে পানির কারণে গোড়া পচনের যে সম্ভাবনা থাকে তা আর হবে না।<br>উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় আরও জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে মধ্যে ১২০০ বর্গফুট জায়গার প্রয়োজন।<br>উপজেলা পরিষদের অভ্যন্তরে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য ১২০০ বর্গফুট জায়গা নির্বাচনের জন্য ইতোমধ্যে সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিসের সহায়তায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা কৃষি অফিসার, বিরামপুরের উপস্থিতিতে বিভিন্ন স্থান পরিমাপ করা হয়। কিন্তু ১২০০ বর্গফুট জায়গা পাওয়া যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর বা তার কোন প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শীতকালে PPR রোগের প্রাদুর্ভাব ঘটে। সে কারণে PPR রোগের টিকা প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডে ওয়ার্ডে বিনামূল্যে প্রদান করা হবে। তিনি এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন এবং সহযোগিতা কামনা করেন। এ পর্যায়ে ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর জানান যে, ছাগল কাঁপতে কাপতে ছাগলের ঘাড় বাকা হয়ে যাচ্ছে।<br>গত এক মাসে ১৮৬৫টি গবাদি প্রাণির এবং ১৪১৬১টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৪৩৩ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৮টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১১৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৪৫০০০ মাত্রা। এ মাসে ০১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রাপ্তি হয়েছে-(১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০ মাত্রা, (৩) গলাফুলা-০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-১০০০০ মাত্রা, (৫) আরডিবি-০০মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা এবং পাউল কলেরা-০০ মাত্রা, (৭) গট পক্স-১০০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর চায়না দুয়ারী জাল পোড়ানোর কারণে প্রাকৃতিকি/দেশী মাছ রক্ষা পাওয়ায় উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুরকে এ সভার মাধ্যমে ধন্যবাদ জানান। উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, তার ব্যক্তিগত কার্ড প্রায় ৫০০ জনকে দিয়েছেন মৎস্য নিধনে যে কোন সংবাদ পাওয়ার | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | জন্য। এর ফলে দিনে প্রায় ৫০টি ফোন আসে চায়না দুয়ারী জালবিনষ্ট করার অনুরোধে। তিনি আরও জানান যে, এ জাল পৌর বাজারে প্রচুর পরিমানে উঠে। সেকারণে এর ব্যবহার বন্ধ করা যাচ্ছে না। বাজারে এ জাল বিক্রয় বন্ধ করতে হবে। এ বিষয়ে মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুরকে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তার সহযোগিতা একান্তভাবে প্রয়োজন। মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাছের নিরাপদ আবাস বা অভয়াশ্রমের জন্য জায়গা নির্ধারণ করা হয়েছে। উপজেলা প্রকৌশলী, বিরামপুরের সাথে আলোচনা হয়েছে। কাজ শুরু হবে। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, ফায়ার সার্ভিসের কাছের ক্যানেলে এক বালতি ২ ইঞ্চির নীচে মাছ ধরেছে। বাধা দিতে গেলে বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে। শ্রীপুর ব্রীজে ঝাকি জাল দিয়ে মাছ ধরছে। তারা মাছ পেয়ে খুব খুশী। | | |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, ৩৩ কেভি লাইন ঝড়ে পড়ে যাওয়ার কারণে সাময়িক বিদ্যুতের সমস্যা হয়েছিল। বর্তমানে সকল গ্রাহক বিদ্যুতের আওতায় আছে। আশ্রয়ন প্রকল্পের আওতায় ৩টি একক গৃহে বিদ্যুৎ নেই বাকীগুলোতে বিদ্যুৎ আছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, দিওড় ইউনিয়নে টর্নেডো হওয়ার ২দিন অতিক্রম করলেও এখনও সেখানে বিদ্যুৎ নেই। তিনি বর্তমান পরিস্থিতি জানানোর জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, অতিবর্ষণ হলেও রাস্তা বা ব্রীজ ক্ষতিগ্রস্থ হয়েছে এমন তথ্য এখন পর্যন্ত পাওয়া যায়নি। তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে এ বিষয়ে তথ্য জানানোর জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের (UGDP)আওতায় হাই ও লো বেঞ্চ এবং ফ্যান ক্রয় সংক্রান্ত টেন্ডারের কার্যক্রম চলছে। ১২ অক্টোবর ২০২৩ তারিখে রিসিভ হবে। তারপর যাচাই-বাছাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>আজ ২৬.০৯.২০২৩ তারিখ প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণস্থলের গাছ অপসারণের লক্ষ্যে নিলাম অনুষ্ঠিত হয়। আগামী ০১(এক) মাসের মধ্যে গাছ অপসারণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। গাছ অপসারণ করার পর দ্রুত সময়ের মধ্যে প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের কাজ শুরু করা হবে। ইউনিয়ন পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র ব্যবহার অযোগ্য হিসেবে ঘোষণা করতে হবে। বিনাইল-কুন্দন রাস্তাটি খুব ছোট হওয়ায় গাড়ি চলাচলে ব্যাঘাত ঘটছে। রাস্তাটি মেরামত করার অনুরোধ জানান। ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১টি স্কুল নতুন জায়গায় হওয়ায় ৯০-৯৫% কাজ হয়েছে। বেশ কয়েকটি বিদ্যালয় পরিদর্শন করেছেন। তবে খানপুর এখনও যাননি। মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ সুন্দরভাবে সাজসজ্জা করা হয়েছে। তিনি চেয়ারম্যান, মুকুন্দপুরকে বিল দাখিল করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, একই ঠিকাদার ৩টি কাজ পাওয়ায় এবং দ্রব্য মূল্য বৃদ্ধি পাওয়ায় ঠিকাদার কাজ করতে পারেননি। কাটলা গ্রোথ সেন্টারের কাজ ১ / ২ মাসের মধ্যে শেষ হয়ে যাবে।<br>তিনি আরও জানান যে, বিরামপুর উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার নং-ক, খ ও গ জরাজীর্ণ অবস্থায় আছে। বিগত ৩ বছর যাবত উক্ত কোয়ার্টারগুলোর কোন মেরামত করা হয়নি। জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। কিন্তু উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ নাই। বর্ণিত কোয়ার্টারগুলো দ্রুত মেরামত/সংস্কার করার জন্য ৫৯.৯৮ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদন করা যেতে পারে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের আওতায় হাই ও লো বেঞ্চ এবং ফ্যান ক্রয় সংক্রান্ত টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করে কাজ শুরু করার উদ্যোগ গ্রহণ এবং এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে সার্বিক অবস্থা সার্বক্ষণিক অবহিত করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. গাছ অপসারণ করার পর দ্রুত সময়ের মধ্যে প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের কাজ শুরু করার উদ্যোগ গ্রহণের জন্যও উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. বিরামপুর উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার নং-ক, খ ও গ মেরামত করার লক্ষ্যে প্রস্তুতকৃত ৫৯.৯৮ লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। সেইসাথে বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১-৪.উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান যে, অতিবর্ষণে কোন ক্ষয়ক্ষতি হয়নি। চেয়ারম্যান, উপজেলা পরিষদের এক প্রশ্নের জবাবে জানানো হয় যে, খাবার পানি সরবরাহ প্রকল্পটি আপাততঃ বন্ধ রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |

ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। কারও কোন সমস্যা থাকলে বা কোন পরামর্শ থাকলে জানানোর আহ্বান জানান।<br>এ পর্যায়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জোতবানী পরিবার কল্যাণ কেন্দ্র হতে IPS চুরী হয়েছে। কেন্দ্রগুলোতে নিরাপত্তা প্রহরী নেই। রাত্রীতে তদারক করা হলে কেন্দ্রের সম্পদ রক্ষা করা যাবে।<br>এ প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন প্রতিষ্ঠানে টহল বৃদ্ধি করার জন্য তিনি অফিসার ইনচার্জকে অনুরোধ করেন। কারণ স্মার্ট বাংলাদেশ বিনির্মানে শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন প্রতিষ্ঠানে রয়েছে মূল্যবান সম্পদ রয়েছে। এ মূল্যবান সম্পদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, ইউনিয়নের বিভিন্ন স্পটে টাকার বিনিময়ে তাস ও লুডু খেলা হয়। এ খেলা বন্ধ করা গেলে চুরী বন্ধ হয়ে যাবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চুরি ও জুয়া খেলা বন্ধে টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে অনুরোধ করা হয়। | ১-২. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর জেলায় মিটিং থাকায় সভায় উপস্থিত হতে পারবেন না মর্মে পূর্বে অবহিত করেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, এইচএসসি ও এইচএসসি (ভোক) পরীক্ষা শেষ। ব্যবহারিক পরীক্ষা চলছে। এছাড়াও মাদ্রাসা বোর্ডের পরীক্ষা চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, স্ব-শরীরে যাচাই-বাছাই শেষ হয়েছে। নির্দেষ্ট মাঠকর্মীকে নিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতায় জীবিত ও মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা হবে। আবেদনের সময়সীমা শেষ হয়েছে। বিধবা, প্রতিবন্ধীসহ অন্যান্য খাতে এখনও বরাদ্দ আসেনে। ইউনিয়ন কমিটিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি থাকলে যাচাই-বাছাই করতে পারবেন। বিধবা/স্বামী পরিত্যাক্তাদের ক্ষেত্রে চেয়ারম্যানের প্রত্যয়নপত্র থাকতে হবে। তিনি প্রত্যয়নপত্র প্রদানের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন। প্রতিবন্ধীদের মাসিক ভাতার পরিমান ৭৫০/- টাকা মর্মে তিনি সভায় অবহিত করেন। দ্রুত যাচাই-বাছাই সম্পন্ন করে প্রকৃত প্রতিবন্ধী নির্বাচন করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করেন। জাতিসংঘের নীতিমালা অনুযায়ী হাটতে পারে না, আঙ্গুল নেই এমন ব্যক্তিদের মৃদু প্রতিবন্ধী হিসেবে নির্বাচিত করার সিদ্ধান্ত রয়েছে। এই নীতিমালা অনুসরণ করে প্রতিবন্ধী নির্বাচন করা হয়। তিনি আরও জানান যে, ৩য় লিঙ্গের ক্ষেত্রে ৫০ বয়সীদের ভাতা প্রদান করা যাবে। এ ছাড়াও কেউ পড়াশুনা করলে তাকে শিক্ষা ভাতা প্রদান করা যাবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ প্রসঙ্গে বলেন যে, বিরামপুরে ৩য় লিঙ্গের তালিকা পূর্বে করা হয়েছে। এদের সংখ্যা ৭/৮ জন। খাস জমিতে তাদের বাড়ি করে দেয়া বা দোকান করে দিয়ে পুনর্বাসন করার উদ্যোগ গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত যাচাই-বাছাই সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>৩. ৩য় লিঙ্গের তালিকা অনুযায়ী পর্যায়ক্রমে পুনর্বাসনের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অসুস্থতাজণিত কারণে সভায় উপস্থিত থাকতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, জুলাই-সেপ্টেম্বর ২০২৩ চক্রের চাল বিতরণ শেষ হয়েছে। মুকুন্দপুর, কাটলা ও খানপুরের উপকারভোগীর তালিকা পাওয়া গেছে। জোতবানী ইউনিয়নের তালিকা আজকে পাওয়া যাবে। তিনি সভায় জানান যে, ১-২০ তারিখের মধ্যে Online এ আবেদন করবে ২৫ তারিখের মধ্যে অনুমোদন করে উপজেলা | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | পর্যায়ে ৩০ তারিখের মধ্যে দিতে হবে। এরপর এটি কেন্দ্রে প্রেরণ করা হবে। যাদের আবেদন অনুমোদন হয়নি এবং হিসাব নম্বর সঠিক নাই তাদের ভাতা আসবে না। এ দপ্তরের অধীনে কারও হিসাব নম্বর হ্যাক হয় নাই। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ শিশু কন্যা দিবস। তিনি উক্ত দিবসে সবাইকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। | ২. ৩০ সেপ্টেম্বর ২০২৩ শিশু কন্যা দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাসের শেষ সপ্তাহ তাই বিল নিয়ে ব্যস্ততা রয়েছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৫ অক্টোবর ২০২৩ স্মার্ট দিবস ২০২৩ পালিত হবে। ১৮ অক্টোবর ২০২৩ শেখ রাসেল দিবস। এটি 'ক' শ্রেণির দিবস। এখনও কোন নির্দেশনা পাওয়া যায়নি তবে আসবে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও উপজেলা মৎস্য দপ্তর ওয়েব পোর্টাল ১০০% হওয়া এ সভার মাধ্যমে তিনি দপ্তর প্রধানদ্বয়কে অভিনন্দন জানান। অন্যদের একই অবস্থা। উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই। সেবাবক্স সাজানো নেই। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. লগইন করাসহ স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br><br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। বরাদ্দ পাওয়া গেছে লক্ষ্যমাত্রা মোতাবেক অক্টোবর ২০২৩ মাসে ০১টি প্রশিক্ষণ কোর্সে ৩০ জন প্রশিক্ষণার্থীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ২৭,২০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =১৮,৭৮,৪০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =১৮,৩৭,১২০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৮%। আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৯৮,৫৬,৬০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৫৬,৩৭,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,৩৩,৫৭,০৫১/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%।<br>তিনি আরও জানান যে, যাদের খামারের রেজিস্ট্রেশন আছে তাদের তালিকা পাওয়া গেলে প্রশিক্ষণের ব্যবস্থা করবেন। এ বিষয়ে তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে আলোচনা করেছেন। এ ছাড়াও তিনি চেয়ারম্যান ইউনিয়ন পরিষদগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, তার ইউনিয়নে বায়োগ্যাস প্লান্ট বাস্তবায়ন করতে পারবে এমন যুবদের তালিকা দেয়া হলে বায়োগ্যাস প্লান্ট বাস্তবায়নের জন্য যুবদের ৫৫,০০০/-(পঞ্চান্নহাজার) টাকা করে ঋণ দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. ইউনিয়ন পর্যায়ে বায়োগ্যাস প্লান্ট বাস্তবায়ন করতে পারবে এমন যুবদের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবল সংকটের কারণে খুব সমস্যার মধ্য দিয়ে কাজ করতে হচ্ছে। মাঠ পর্যায়ের ৩২ জনের মধ্যে মাত্র ১২ জন কর্মী নিয়ে কাজ করতে হচ্ছে। তবে WhatsApp এর মাধ্যমে তদারকী করায় কাজের গতি বৃদ্ধি পেয়েছে। দিনাজপুর জেলায় বিরামপুর উপজেলার অবস্থান এত প্রতিকূলতার মধ্যেও ৪র্থ। জোতবানী ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের ১টি গাছ কাটতে হবে। খানপুরে পানির সমস্যার কারণে সাব-মার্সিবল পাম্প বসাতে হবে। বৃষ্টি হলেই খানপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের সামনে পানি জমে যায় এখানে একটি পুকুর থাকায় পানি উছলিয়ে পানি জমে থাকে। বাসায় বসবাস করা বাধ্যতামূলক হলেও বাসাটি বসবাসের অযোগ্য হওয়ায় বাসায় বসবাস করা সম্ভব হচ্ছে না। দিওড়েও একই অবস্থা। তবে খানপুরের অবস্থা খুবই খারাপ। দিওড় ইউনিয়নে জমির সমস্যা রয়েছে। পরিবার পরিকল্পনা অধিপ্তরের জমি এবং জমি দখলেও আছে কিন্তু মাঠ পর্চায় ক্লিনিকের নামে মাত্র ১০ (দশ)শতক | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | জমি দেখানো হয়েছে। জমি সমস্যার দ্রুত সমাধান করতে হবে। এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সংস্কার/মেরামতযোগ্য ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। রাস্তা হেয়ারিং করারও উদ্যোগ নেয়া হবে মর্মে তিনি আশ্বস্থ করেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)-র বরাদ্দ থেকে ক্ষুদ্র মেরামত কাজ করা যাবে মর্মে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় অবহিত করেন। | ২. বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)-র বরাদ্দ থেকে ক্ষুদ্র মেরামত কাজ করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত অর্থ বছরের নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে এবং এ অর্থ বছরের কাজের টেন্ডার হয়েছে। ১ মাসের মধ্যে কাজ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ উপজেলা ত্রাণ দপ্তর | জনাব মোঃ আতাউর রহমান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর হিসেবে যোগদান করেছেন। তার পূর্ববর্তী কর্মস্থল রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলা। এসেই প্রবল বর্ষণে এবং টর্ণেডোতে ক্ষতিগ্রস্থ মানুষের ক্ষতি কাটিয়ে উঠার কার্যক্রম শুরু করেছেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলায় তাকে স্বাগত জানান এবং ওয়েব পোর্টালে তথ্য আপলোড করার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরও জানান যে, Sample Vital Regestration System (SVRS) এর কাজ চলমান রয়েছে। এটি সারা বছর ধরেই চলে। মানুষ সম্পর্কিত যেমন-মানুষের জন্ম হার, মৃত্যু হার, মাতৃ মৃত্যু হার, শিশু মৃত্যু হার, বিবাহ, তালাক/আলাদা বসবাস, গড় আয়ু, স্বাক্ষরতার হার, লিখতে পড়তে পারার হার ইত্যাদি সম্পর্কে তথ্য পাওয়া যায়। বিরামপুর উপজেলায় ২টি স্পট। জোতবানী ও পলিপ্রয়াগপুরে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি হিসেবে ভোট কেন্দ্রগুলো চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে। এ পর্যন্ত ৩য় লিঙ্গের ৪ জন পুরুষ/মহিলা ভোটার তালিকাভুক্ত হয়েছে। ২০২০ সাল থেকে তাদেরকে ৩য় লিঙ্গ হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং এখন থেকে তাদেরকে ৩য় লিঙ্গ হিসেবে উল্লেখ করা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার আপাততঃ কম। ভাইস-চেয়ারম্যান এ পর্যায়ে বলেন যে, একই ব্যক্তি দীর্ঘদিন ধরে একই ইউনিয়নে কর্মরত থাকায় অনেক সমস্যা হচ্ছে। শ্রীপুরে টাকা আদায় হয়েছে কিন্তু সংশ্লিষ্ট থাকে টাকা জমা করা হয়নি। জনাব বিদ্যুৎ কুমার মন্ডলের সময় এ ঘটনাগুলো ঘটেছে। এখন সভাপতি সেক্রেটারীর তেমন কোন কার্যক্রম নেই। সমিতির একজনকে ঋণ দেয়া যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার প্রাকৃতিক কারণে কমে গেছে। ২% আদায় কমেছে। ওভারডিউ বেড়ে গেছে। নির্ধারিত সময়ের মধ্যে ঋণের টাকা জমা দিতে পারছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প<br>(২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, বরাদ্দ পাওয়া গেলে আগামী মাস থেকে উঠান বৈঠক হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, ১৭টি স্ট্যান্ডিং কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের হালনাগাদ এবং ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা ওয়েবপোর্টালে আপলোড করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুরে দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>এ প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সকলের সহযোগিতা কামনা করেন।<br>২. ১৭.০৯.২০২৩ তারিখে প্রকল্প পরিচালক স্বাক্ষরিত ষষ্ঠ পর্যায়ের (২০২১-২২) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা অনুমোদন পাওয়া গেছে এবং ইতঃমধ্যেই তার টেন্ডার হয়ে গেছে।<br>৩. Upazila Development Facilitator (UDF) বিরামপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ধারিত ফরমেট দিয়ে সহযোগিতা করবেন মর্মে সভায় অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা On line এ আপলোড করে হার্ডকপি প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা প্রদান করে UDF-কে জানানোর সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. বিরামপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি।<br>৩. উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিসিবি'র পণ্যের সাথে চাল বিতরণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ডিও দিতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপ-সহকার কৃষি কর্মকর্তা ইউপি চেয়ারম্যান বা স্থানীয় লোকজনের সাথে সমন্বয় না করে কৃষকদের কৃষি প্রণোদনা প্রদানের জন্য নিজেই তালিকা প্রস্তুত করেন। ফলে একই কৃষক বার বার প্রণোদনা পাচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ কৃষি প্রণোদনার জন্য তালিকা প্রদানের জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খিয়ার মাহমুদপুর, দাউদপুর, কসবা সাগরপুর এলাকায় ভারত কর্তৃক ক্যানেল দেয়ার কারণে মাঠটি প্লাবিত হয়েছে। পানি নেমে যাওয়ার কোন সুযোগ নেই। মাঠে ফসল নিমজ্জিত হয়েছে। কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ কৃষকদের পণোদনা প্রদানের অনুরোধ জানান। এতে দরিদ্র কৃষক উপকৃত হবে। ২টি স্লুইচ গেট খোলা আছে এতে পানি দ্রুত নিষ্কাষিত হচ্ছে না। আরও ২/১টি গেট খুলে দিলে পানি দ্রুত নেমে যেত। তিনি আরও জানান যে, ভূট্টা, সার, সরিষা বীজ প্রদানের জন্য তালিকা করার অনেক পরে বীজ দেয়ার কারণে তা কোন কাজে আসেনি। হাঁস মুরগীকে খাইয়ে নষ্ট করেছে। কৃষকগণ বাজার থেকে বীজ ক্রয় করে সঠিক সময়ে ব্যবহার করায় ফসল তুলতে পারছে। এ বিষয়ে তিনি উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, RMP-র মহিলারা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কথা শোনেনা।১ নং ওয়ার্ডের গ্রাম পুলিশের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা থাকায় পুলিশ তাকে গ্রেফতার করে নিয়ে আসে। এ ক্ষেত্রে চেয়ারম্যান হিসেবে তাকে অবহিত করা হয়নি। এ বিষয়ে পূর্বে অবহিত করা হলে দ্রুত সমাধান করা যেত। ৪/৫ শতকের তার ইউনিয়নের খাল ভরাট এবং মাঠটি সমান করে দেয়ার অনুরোধ করেন। জন্ম নিবন্ধন আরও গতিশীল করার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি- নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় বলেন যে, বয়স্ক ভাতার জন্য ১০৪ জনের তালিকা দিয়েছিলেন মাত্র ২৫/৩০ জনকে নির্বাচিত করা হয়েছে।অতি বর্ষনের কারণে রাস্তায় গর্ত হওয়ায় দ্রুত মেরামত করার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | রেঞ্জ কর্মকর্তা. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর. ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না।<br>চেয়ারম্যান কাটলা, খানপুর, বিনাইলসহ অন্যান্য ইউনিয়নের চেয়ারম্যানগণ বলেন যে, অটো রিক্সাগুলোর ইউনিয়ন পরিষদ প্রদত্ত বৈধ লাইসেন্স থাকা সত্ত্বেও পৌর এলাকায় প্রবেশ করা মাত্র পৌরসভা কর্তৃক ট্যাক্স দিতে বাধ্য করে। না দিলে গাড়ি আটকায় রেখে হয়রানী করে। সকালে আটকালে সন্ধ্যায় ছেড়ে দেয়। ফলে বাড়ি যেতে সমস্যাসহ সারাদিন কোন আয় হয় না। এতে চেয়ারম্যান হিসেবে তারা বিব্রতকর অবস্থায় পড়েন। ইউনিয়ন পর্যায়ের অটো রিক্সাগুলো পৌর এলাকায় ঢুকতে পারবে না অথবা পৌর এলাকায় ঢুকতে পৌরসভার লাইসেন্স নিতে হবে এমন কোন নির্দেশনাও নেই। মেয়র, বিরামপুর পৌরসভা সভায় উপস্থিত থাকলে এ বিষয়ে একটি সিদ্ধান্ত নেয়া যেত। তারা এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ বিষয়ে সভায় উভয়পক্ষের মধ্যে আলোচনা সাপেক্ষে একটি সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য উভয়পক্ষকে পরামর্শ প্রদান করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। তিনি দুলালী নামে একজন মহিলার গলায় টিউমার হওয়ায় উপজেলা সমাজসেবা কার্যালয়, বিরামপুর হতে অপারেশন করার জন্য আর্থিক সাহার্য প্রদানের জন্য প্রস্তাব করেন। | উপজেলা সমাজসেবা অফিসারের সাথে আলোচনা করে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৬<br>বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২(অংশ-৩)-৫০২, তারিখঃ ১১.০৯.২০২৩খ্রি. পত্রটি সভায় পাঠ করে শোনান। ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন উপলক্ষ্যে উন্নয়ন মেলা, প্রদশনী, র‍্যালী, আলোচনা সভা ইত্যাদি আয়োজনের নির্দেশনা প্রদান করায় তা বাস্তবায়ন করা হয়েছে। এ দিবস উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা ব্যয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১. 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন উপলক্ষ্যে উন্নয়ন মেলা, প্রদশনী, র‍্যালী, আলোচনা সভা ইত্যাদি আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/-(পচিশহাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৬<br>বিবিধ | উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, নন গেজেটেড গ-৩ (নিম্নতলা) ও নং গ-১ নং (উপরতলা) বাসা ২টির রংকরণসহ মেরামত/সংস্কার করা প্রয়োজন। তিনি বাসা ২টির সংস্কার/মেরামত করার জন্য নিম্নবর্ণিত ২টি প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>১. **প্রকল্পের নামঃ** নন গেজেটেড গ-৩ নং (নিম্নতলা) বাসার ক্ষুদ্র মেরামত/সংস্কার প্রকল্প। এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ ইউনুস আলী, চেয়ারম্যান, কাটলা- প্রকল্প সভাপতি<br>২. মোঃ মমতাজ আলী সরকার, সদস্য,মুকুন্দপুর ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ সাজেদুর রহমান,সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৫. মোছাঃ সুলতানা পারভীন, সদস্যা, মুকুন্দপুর ইউপি- সদস্য | ১. উপজেলা প্রকৌশলী,বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| | ২. **প্রকল্পের নামঃ** নন গেজেটেড গ-১ নং (উপরতলা) বাসার ক্ষুদ্র মেরামত/সংস্কার প্রকল্প। এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ আব্দুল মালেক মিয়া,চেয়ারম্যান, দিওড় ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মাহফুজ সরকার, সদস্য,কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোছাঃ ফেন্সি আরা, সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>৪. মোঃ একলাছুর রহমান, সদস্য, দিওড় ইউপি- সদস্য<br>৫. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিতপ্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| | ৩. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬.০৪৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নম্বর স্মারকের পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর নির্দেশনাসমূহ পাঠকরে শোনান। উক্ত পত্রের ৩(প) অনুচ্ছেদে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তক্রমে ৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা ব্যয়ে ক্লোজ সার্কিট ক্রয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে হতে অবিরাম বর্ষণ এবং ঝড়ো হাওয়ায় উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে এবং অফিসসমূহে নিরাপত্তার স্বার্থে স্থাপিত সিসি ক্যামেরাগুলোর মধ্যে অনেকগুলো ক্যামেরা নষ্ট হয়েছে। এ ছাড়াও আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উপজেলা পরিষদের নিরাপত্তা আরও অধিক নিশ্চিত করার জন্য জরুরীভিত্তিতে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। সেসাথে প্রতিটি সিসি ক্যামেরার তথ্য ১ মাস সংরক্ষণ করার জন্য ১ (এক) টেরাবাইট (হার্ডডিস্ক) স্থাপন করা প্রয়োজন। উপজেলা পরিষদের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। পুরো উপজেলা পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এবং অফিস-বাসাসমূহে জরুরীভিত্তিতে নষ্ট সিসি ক্যামেরাগুলো পুনঃ স্থাপন এবং ১ মাস তথ্য সংরক্ষণের নিমিত্ত ১ (এক) টেরাবাইট (হার্ডডিস্ক) স্থাপন করার অনুরোধ করা হয়। সেপ্রেক্ষিতে নির্দেশনা মোতাবেক **"ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়"** খাত হতে উক্ত ব্যয় নির্বাহের জন্য আজকের সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। সেসাথে নিম্নরুপভাবে একটি কোটেশন মূল্যায়ন কমিটি গঠনের প্রস্তাব করা হয়। | ৩. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে জরুরীভিত্তিতে উপজেলা পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এবং অফিস-বাসাসমূহে আরও সিসি ক্যামেরা ক্রয়পূর্বক পুনঃ স্থাপনসহ ১ (এক) টেরাবাইট (হার্ডডিস্ক) ক্রয় এবং স্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(প) হতে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>আলোচনাঃ ৪৬<br>বিবিধ</td><td><u>কোটেশন মূল্যায়ন কমিটিঃ</u>
<table>
<tr><th>ক্রমিক</th><th>কর্মকর্তার নাম ও পদবি</th><th>কমিটিতে পদবি</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা নির্বাহী অফিসার<br>বিরামপুর, দিনাজপুর।</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা প্রকৌশলী<br>বিরামপুর, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>বিরামপুর, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>বিরামপুর, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন<br>পরিষদ, বিরামপুর, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table></td><td>২. প্রস্তাবিত কোটেশন মূল্যায়ন কমিটি অনুমোদন করা হয়।</td><td>•</td></tr>
<tr><td></td><td>৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছরে ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরের সমূদয় ব্যয় নির্বাহ করার পর অবশিষ্ট টাকা=৬০,৬২,৫২৫/৪৯ (ষাটলক্ষ বাষট্টিহাজার পাঁচশত পঁচিশ টাকা উনপঞ্চাশ পয়সা) মাত্র উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার প্রস্তাব করেন।</td><td>৪. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫(গ) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অবশিষ্ট টাকা=৬০,৬২,৫২৫/৪৯ (ষাটলক্ষ বাষট্টিহাজার পাঁচশত পঁচিশ টাকা উনপঞ্চাশ পয়সা) মাত্র জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।</td></tr>
</table>

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**<u>আগস্ট/২০২৩ মাসের ব্যয়</u>**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা এবং বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর আগস্ট/২৩ মাসের ৩০ দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান | =৩৩,০০০/- |
| ০৪ | আগস্ট/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | আগস্ট/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে আগস্ট/২০২৩ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৭ | আগস্ট/২০২৩ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৩৪,৯৮০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) প্রকল্পের তালিকা দ্রুত দাখিল করা, অগ্রাধিকার ভিত্তিতে ২/৪টি তালিকা করা এবং ড্রেন সংক্রান্ত প্রকল্প গ্রহনের জন্য অনুরোধ করেন। সবাইকে নিয়ে পূর্বের ধারাবাহিকতায় বিরামপুর উপজেলার উন্নয়নে একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে সুষ্ঠু ও সুন্দরভাবে পূজা উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব দুর্গাপূজা আনন্দময় ও সুন্দর হোক এ প্রত্যাশা ব্যক্ত করে তাদেরকে শারদীয় শুভেচ্ছা জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.১৩৭২/১(৪৮) তারিখঃ ২৩.১০.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।

০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ........................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা..............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২৩/১০/২৩

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd